# আত-ত্বীন | At-Tin | ٱلتِّين

আয়াতঃ ৯৫ : ৮

## আরবি মূল আয়াত:

اَلَيۡسَ اللّٰهُ بِاَحۡكَمِ الۡحٰكِمِيۡنَ ﴿۸﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ কি বিচারকদের শ্রেষ্ঠ বিচারক নন? — আল-বায়ান

আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠতম (বিচারক) নন? — তাইসিরুল

আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ নন? — মুজিবুর রহমান

Is not Allah the most just of judges? — Sahih International

৮. আল্লাহ কি বিচারকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বিচারক নন?(১)

(১) আল্লাহ তা'আলা কি সব বিচারকের মহাবিচারক নন? তিনি কি সকল শাসকবর্গের মধ্যে সর্বোত্তম শাসক নন? এই ন্যায় বিচারের অতি গুরুত্বপূর্ণ অংশ হল প্রত্যেক অপরাধীকে তার শাস্তি ও প্রত্যেক সৎকর্মীকে তার উপযুক্ত পুরস্কার প্রদান করা। বিচারকদের শ্রেষ্ঠবিচারক আল্লাহ্ তা'আলা মানুষকে সৃষ্টি করেছেন, এক পর্যায় থেকে অন্য পর্যায়ে উপনীত করেছেন পরিপূর্ণ ন্যায় ও প্রজ্ঞার সাথে; তবুও কি তিনি মানুষের কৃতকর্মের উপযুক্ত প্রতিদানও দেবেন না? [বাদাইউত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

৮। আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠ বিচারক নন? [1]

[1] অর্থাৎ, আল্লাহ কারো প্রতি অবিচার করেন না। আর তাঁর সুবিচারের দাবী এই যে, তিনি কিয়ামত সংঘটিত করবেন এবং যাদের উপর দুনিয়ায় যুলুম করা হয়েছে তাদেরকে পূর্ণ বদলা দিয়ে দেওয়া হবে।

প্রকাশ থাকে যে, এই সূরার শেষে ‘বালা অআনা আলা যা-লিকা মিনাশ শাহিদীন’ বলার হাদীস সহীহ নয়। (তিরমিযী)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন